# ঢাকা বোর্ড-২০১৯

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** **বিষয় কোড : ১ ০ ২**

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** **১০**

(ক) পরিবেশ দূষণ

(খ) বাংলা নববর্ষ

**২. যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** **১০**

(ক) মনে করো, তুমি অনিক। সম্প্রতি পড়া একটি বই সম্পর্কে মতামত জানিয়ে তোমার বন্ধু শামীমের কাছে একটি পত্র লেখো।

অথবা, (খ) মনে করো, তুমি রত্না। তোমার এলাকায় বিদ্যুৎবিভ্রাটের আশু প্রতিকার চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

**৩. সারাংশ লেখো:** **১০**

(ক) মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ প্রাণী। জগতের অন্যান্য প্রাণীর সহিত মানুষের পার্থক্যের কারণ মানুষ বিবেক ও বুদ্ধির অধিকারী। এই বিবেক, বুদ্ধি ও জ্ঞান নাই বলিয়া আর সকল প্রাণী মানুষ অপেক্ষা নিকৃষ্ট। জ্ঞান ও মনুষ্যত্বের উৎকর্ষ সাধন করিয়া মানুষ জগতের বুকে অক্ষয় কীর্তি স্থাপন করিয়াছে; জগতের কল্যাণ সাধন করিতেছে। পশুবল ও অর্থবল মানুষকে বড় বা মহৎ করিতে পারে না। মানুষ বড় হয় জ্ঞান ও মনুষ্যত্বের বিকাশে। জ্ঞান ও মনুষ্যত্বের প্রকৃত বিকাশে জাতির জীবন উন্নত হয়। প্রকৃত মানুষই জাতীয় জীবনের প্রতিষ্ঠা ও উন্নয়ন আনয়নে সক্ষম।

Teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) সার্থক জনম আমার জন্মেছি এই দেশে,
সার্থক জনম, মা গো তোমায় ভালোবেসে।
জানি নে তোর ধনরতন আছে কিনা রানির মতন
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।
কোন্ বনেতে জানি নে ফুল গন্ধে এমন করে আকুল,
কোন্ গগনে ওঠেরে চাঁদ এমন হাসি হেসে।
আঁখি মেলে তোমার আলো প্রথম আমার চোখ জুড়ালো,
ওই আলোতেই নয়ন রেখে মুদব নয়ন শেষে।

৪. **যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** ১০

(ক) আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য।

(খ) সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমার পরের তরে।

Teachingbd24.com

৫. **যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** ১০

(ক) মনে করো, তুমি ফাহিম। কুমিল্লা জিলা স্কুলের দশম শ্রেণির ছাত্র। তোমার বিদ্যালয়ে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের বিবরণ দিয়ে প্রধান শিক্ষক বরাবরে একটি প্রতিবেদন তৈরি করো।

(খ) মনে করো, তুমি তুহিন। 'দৈনিক সমকাল' পত্রিকার রংপুর মহানগর প্রতিনিধি। 'মাদককে না বলুন' শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।

৬. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) স্বদেশপ্রেম

(খ) দেশ গঠনে ছাত্রসমাজের ভূমিকা

(গ) মানবকল্যাণে বিজ্ঞান

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. ইস্, ঠান্ডা যেন বরফ— কোন অর্থে অব্যয়ের প্রয়োগ হয়েছে?**
ক তুলনায় খ অনুমানে
গ উপমায় ঘ বিস্ময়ে

**২. 'আজ যদি সুমন আসত, কেমন মজা হতো'— বাক্যটি কোন কালের উদাহরণ?**
ক সাধারণ অতীত খ নিত্যবৃত্ত অতীত
গ পুরাঘটিত অতীত ঘ নিত্যবৃত্ত বর্তমান

**৩. সাধারণ মধ্যম পুরুষের বর্তমানকালের অনুজ্ঞার চলিতরীতির বিভক্তি কোনটি?**
ক – উন খ – ন
গ – ও ঘ শূন্য

**৪. কোনটি বিশেষ্যের পূর্বে বসে?**
ক বিধেয় বিশেষণ
খ বিশেষণীয় বিশেষণ
গ অব্যয়ের বিশেষণ
ঘ বহুপদময় বিশেষণ

**৫. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন যতিচিহ্ন ব্যবহৃত হয়?**
ক কমা খ কোলন
গ হাইফেন ঘ সেমিকোলন

**৬. কাজটা ভালো দেখায় না— কোন বাচ্যের উদাহরণ?**
ক কর্মকর্তৃবাচ্য খ ভাববাচ্য
গ কর্মবাচ্য ঘ কর্তৃবাচ্য

**৭. 'ভূত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**
ক পেত্নী খ ভবিষ্যৎ
গ ভয় ঘ নির্ভীক

**৮. 'খণ্ড প্রলয়' বাগধারাটির ঠিক অর্থ কোনটি?**
ক ভীষণ বিপদ খ ভীষণ শত্রুতা
গ ভীষণ যুদ্ধ ঘ ভীষণ ব্যাপার

**৯. 'নিমেষ মাঝেই সব শেষ'— বাক্যে কোন অর্থে অনুসর্গ ব্যবহৃত হয়েছে?**
ক ক্ষণকাল খ ব্যাপ্তি
গ নিকটে ঘ সহায়

**১০. কোনটি কর্ম সম্বন্ধের উদাহরণ?**
ক রাজার হুকুম খ প্রভুর সেবা
গ চোখের দেখা ঘ রাজার রাজ্য

**১১. ভাষার মূল উপকরণ কী?**
ক ধ্বনি খ শব্দ
গ বাক্য ঘ বর্ণ

**১২. 'পাউরুটি, বালতি'— কোন ভাষার শব্দ?**
ক ফরাসি খ পর্তুগিজ
গ ওলন্দাজ ঘ তুর্কি

**১৩. কোন ধ্বনির উচ্চারণ গাম্ভীর্যপূর্ণ ও মৃদু হয়?**
ক অঘোষ ধ্বনি খ ঘোষ ধ্বনি
গ অল্পপ্রাণ ধ্বনি ঘ মহাপ্রাণ ধ্বনি

**১৪. সন্ধিতে চ ও জ-এর পরে নাসিক্য ধ্বনি কী হয়?**
ক অনুস্বার খ দ্বিত্ব
গ মহাপ্রাণ ঘ তালব্য

**১৫. কোনটি বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ?**
ক লাল লাল ফুল
খ সকলে সব জানে না
গ বাগানে ফুল ফুটেছে
ঘ অঢেল টাকা-পয়সা

**১৬. একাধিকবার একই গণনা করলে যে সমষ্টি পাওয়া যায় তাকে কী বাচক সংখ্যা বলে?**
ক ক্রমবাচক খ পূরণবাচক
গ পরিমাণবাচক ঘ অঙ্কবাচক

https://teachingbd24.com

১৭. নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?

ⓚ একঘরে ⓚ একগুঁয়ে
ⓖ সেতার ⓖ অন্তরীপ

- ক) একঘরে
- খ) একগুঁয়ে
- গ) সেতার
- ঘ) অন্তরীপ

১৮. 'নিদাঘ' শব্দের 'নি' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

- ক) আতিশয্য
- খ) নিশ্চয়
- গ) নিষেধ
- ঘ) অভাব

১৯. অজ্ঞাতমূল ধাতু কোনটি?

- ক) লটক
- খ) বিগড়
- গ) হের্
- ঘ) দৃশ

২০. কোনটি উপাদানবাচক নাম বিশেষণ?

- ক) ঠান্ডা হাওয়া
- খ) তাজা মাছ
- গ) সবুজ মাঠ
- ঘ) পাথুরে মূর্তি

২১. পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে কী বলে?

- ক) অন্তর্হতি
- খ) ব্যঞ্জনচ্যুতি
- গ) ব্যঞ্জন বিকৃতি
- ঘ) সম্প্রকর্ষ

২২. 'সকলের জন্য প্রযোজ্য'— এক কথায় কী হবে?

- ক) সর্বংসহা
- খ) সর্বত্র
- গ) সার্বজনীন
- ঘ) সর্বজনীন

২৩. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?

- ক) মধুর
- খ) রাজপুত
- গ) প্রবীণ
- ঘ) কর্তব্য

২৪. অপত্য অর্থে তদ্ধিত প্রত্যয়ের ব্যবহার ঘটেছে কোনটিতে?

- ক) সৌন্দর্য
- খ) শৈশব
- গ) দাশরথি
- ঘ) সামাজিক

২৫. 'তার বয়স হলেও বুদ্ধি হয়নি'— কোন ধরনের বাক্য?

- ক) সরল
- খ) জটিল
- গ) যৌগিক
- ঘ) মিশ্র

২৬. 'ধাতুর গণ' ঠিক করতে কয়টি বিষয় লক্ষ রাখতে হয়?

- ক) একটি
- খ) দুটি
- গ) তিনটি
- ঘ) চারটি

২৭. বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে?

- ক) আকাঙ্ক্ষা
- খ) যোগ্যতা
- গ) আসত্তি
- ঘ) বিধেয়

২৮. সমধাতুজ কর্মের প্রয়োগ ঘটেছে নিচের কোন বাক্যে?

- ক) ছেলেটা কথা শোনে
- খ) এখন গোল্লায় যাও
- গ) খোকাকে কাঁদিও না
- ঘ) বেশ এক ঘুম ঘুমিয়েছি

২৯. ভাববাচ্যের কর্তায় কোন বিভক্তি হয়?

- ক) প্রথমা, দ্বিতীয়া
- খ) দ্বিতীয়া, পঞ্চমী
- গ) তৃতীয়া, চতুর্থী
- ঘ) ষষ্ঠী, দ্বিতীয়া

৩০. 'ক্রেতা' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?

- ক) √ক্রে + তৃচ
- খ) √ক্রী + তৃচ
- গ) √কৃৎ + তৃচ
- ঘ) √কৃ + তা

| উত্তর | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ ক | ২ খ | ৩ ঘ | ৪ ঘ | ৫ খ | ৬ ক | ৭ খ | ৮ গ | ৯ ক | ১০ খ | ১১ গ | ১২ খ | ১৩ ক | ১৪ ঘ | ১৫ খ |
| | ১৬ গ | ১৭ খ | ১৮ ক | ১৯ গ | ২০ ঘ | ২১ ক | ২২ ঘ | ২৩ ঘ | ২৪ গ | ২৫ ক | ২৬ ঘ | ২৭ গ | ২৮ ঘ | ২৯ ঘ | ৩০ খ |

Teachingbd24.com